দৈনিক ইত্তেফাক

65

তারিখ ... OCT. 0 1 199[illegible]
পৃষ্ঠা 8 ... কলাম 6

# বেসরকারী শিক্ষক কর্মচারিগণের অবসরকালীন আর্থিক সাহায্য প্রদান প্রসঙ্গে

গত বৎসর নভেম্বর মাসে জানা গিয়াছিল যে, বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ের অবসরপ্রাপ্ত শিক্ষক-কর্মচারীবৃন্দ আগামী তিন মাসের মধ্যে তাঁহাদের অবসরকালীন আর্থিক সাহায্য পাইবেন। বেসরকারী শিক্ষক-কর্মচারিগণ পেনশন পান না। বার্ধক্যে উপনীত হইয়া তাঁহারা মানবেতর জীবন যাপন করিতেছেন। চলতি বৎসরের মার্চ মাসে কর্তৃপক্ষ তাঁহাদের নিকট হইতে মাধ্যমিক স্তরের সনদপত্রের অনুলিপি লইয়াছেন। এমতাবস্থায়, কোন রকম স্তর বা শ্রেণী বিভাগ না করিয়া এইসব হতভাগ্য বৃদ্ধ শিক্ষক-কর্মচারীকে অবসরকালীন আর্থিক সাহায্য অনতিবিলম্বে প্রত্যেকের ব্যাংক হিসাবে প্রদানের ব্যবস্থা করিতে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

মোঃ মহিউদ্দিন,
অবসরপ্রাপ্ত সহকারী শিক্ষক,
গোবিন্দগঞ্জ, বহুমুখী উচ্চ বিদ্যালয়,
ডাকঃ গোবিন্দগঞ্জ,
জেলাঃ গাইবান্ধা।